

কুরল্

প্রাচীন তামিল নীতি-গ্রন্থ

তিরুবল্লুবর্-রচিত প্রাচীন তামিল কাব্যের বঙ্গানুবাদ

অনুবাদক


শ্রীনলিনীমোহন সান্যাল, এম্-এ, ভাষাতত্ত্বরত্ন

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়

এম্-এ, ডী-লিট্, এফ্-আর্-এ-এস্-বী

কর্তৃক লিখিত ভূমিকা সংবলিত



বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্ মন্দির, কলিকাতা

অনুবাদকের ভূমিকা

১। কুরল

(১) দাক্ষিণাত্যে কুরল সর্বাপেক্ষা লোকপ্রিয় ও বেদের গ্রন্থ সম্মানিত গ্রন্থ। ইহা তামিল ভাষায় লিখিত একখানি উপদেশপূর্ণ উপাদেয় কাব্যগ্রন্থ। সম্ভবতঃ ইহা খৃষ্টীয় দ্বিতীয় শতকে লিখিত হইয়াছিল। পরবর্তী বংশ-পরম্পরার উপর ইহা সর্বাপেক্ষা অধিক প্রভাব বিস্তার করিয়াছে। তিরুবল্লুবরের জীবনী সম্বন্ধে অল্পই জানা গিয়াছে। লোকে বলে যে বল্লুবর শব্দের অর্থ 'বল্লবা' জাতীয়। মাদ্রাজ প্রদেশে বল্লবা জাতি অস্পৃশ্য জাতিসমূহ মধ্যে পরিগণিত।

২। তিরুবল্লুবরের পরিচয় (২)

জনশ্রুতি এইরূপ যে, বল্লুবরের পিতা ব্রাহ্মণ ছিলেন এবং তাঁহার নাম ছিল ভগবান। তাঁহার মাতার নাম ছিল অডি. এবং তিনি অস্পৃশ্য পৈরিয়া জাতির কন্যা ছিলেন। এক ব্রাহ্মণ অডিকে প্রতিপালন করিয়াছিলেন এবং

(১) এই গ্রন্থের দশ খানি টীকা আছে, তন্মধ্যে পরি-মেল-লকর কৃত টীকাই সর্বাপেক্ষা অধিক আদৃত। 'তিরু' শব্দ সম্মানসূচক এবং 'শ্রী' শব্দের কাজ করে।

(২) ফেমানন্দ রাহত কৃত হিন্দী অনুবাদের ভূমিকা।

কুরুল

প্রস্তাবনা

প্রথম পরিচ্ছেদ

ঈশ্বর-স্তুতি

১। 'অ' শব্দলোকের মূল-স্থান; ঠিক সেইরূপ
আদিত্রক সর্বলোকের মূল-শ্রোত।

২। যদি তুমি সর্বজ্ঞ পরমেশ্বরের পূজা না কর,
তবে তোমার এই সমস্ত বিদ্বত্তা কি কাজের ?

৩। যে ব্যক্তি হৃদয়-কমলের অধিবাসী শ্রীভগবানের
পবিত্র চরণের শরণ লয়, সে সংসারে অনেক কাল জীবিত
থাকিবে।

৪। যাহারা সেই আদি-পুরুষের পদারবিন্দে রত
থাকে, যিনি কাহারো প্রতি অত্যধিক প্রেমও দেখান না
এবং কাহাকে ঘৃণাও করেন না, তাহারা কখনো কোনো
দুঃখে পতিত হয় না।

৫। দেখ, যে সকল লোক উৎসাহ পূর্বক প্রভুর
গুণগান করে, তাহাদিগকে নিজেদের ভালমন্দ কর্মের
দুঃখপ্রদ ফল ভোগ করিতে হয় না। (১)

(১) হিন্দু, বৌদ্ধ ও জৈনদের মতে শরীরের মৃত্যুর পর
লোকের কর্মফল তাহার আত্মার সঙ্গী হইয়া তাহার পুনর্জন্মের
কারণ হয়। কর্ম শব্দে বুঝিতে হইবে, সে যে সকল চিন্তা ও কাজ
তাহার জীবনে করিয়াছে। মনুষ্য-জীবন দুঃখময়, পুনঃ পুনঃ জন্ম
হইলে দুঃখের অবসান হয় না, এবং মুক্তি দ্বারা যে পরামানন্দ লাভ

৬। ভোজনাপেক্ষা পরিপাক মধুরতর; সেইরূপ আল্লোষ অপেক্ষা প্রণয়-কলহ প্রিয়তর।

৭। প্রেম-কলহে অগ্রে যে নতি স্বীকার করে, তাহারই হয় জয়। মিলনকালে ইহার সত্যতা স্পষ্টই প্রতীয়মান হয়।

৮। ক্ষণকালের জন্তু কলহের ভাণ করিয়া প্রিয়া কি আমাদের আলিঙ্গনের আনন্দকে অধিকতর সরস করিতে চান ?

৯। আহা, যেন মানময়ীর অপূর্ব ক্রকুটির এবং রোষ-স্ফুরিত অধরোষ্ঠের ছবি আরো কিছুক্ষণ উপভোগ করিতে পারি ! কেবল আমার প্রার্থনায় যামিনীর অধিকার যেন আরো কিছু দীর্ঘ হয় !

১০। প্রেমের মাধুর্য্য অভিমানে এবং অভিমানের চরম সার্থকতা কলহান্তে নিবিড়-মধুর আলিঙ্গনে।

